ইত্তেফাক

তারিখ ... 18/12/79
পৃষ্ঠা ... কলাম ...

059

# ইসলামিক কারিগরি কেন্দ্র '৮৩ সালে চালু হইবে

(ইত্তেফাক রিপোর্ট)

প্রায় ১ কোটি ডলার ব্যয়ে জয়দেবপুরস্থ ইসলামিক কারিগরি এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের কাজ ১৯৮৩ সালের জুলাই মাসের পূর্বেই সম্পন্ন হইবে বলিয়া আশা প্রকাশ করা হইয়াছে। এব্যাপারে প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা হইয়াছে, কেন্দ্রের নকশা তৈয়ারীর জন্য তুরস্কের স্থপতি জনাব মোহাম্মদ দরুক পামির-এর নাম ঘোষণা করা হইয়াছে।

কেন্দ্রের পরিচালক মণ্ডলীর ৪ দিনব্যাপী দ্বিতীয় বৈঠক শেষে গতকাল (সোমবার) বৈঠকের চেয়ারম্যান জনাব এ,বি,এস সাফদার রাষ্ট্রিয় অতিথি ভবনে সাংবাদিকদের নিকট একথা প্রকাশ করেন। বৈঠকে কেন্দ্রের প্রশিক্ষণ পাঠ্যসূচী, কেন্দ্রে

(৮ম পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ইসলামিক কারিগরি কেন্দ্র

(১ম পৃঃ পর)

প্রয়োজনীয় অফিসার ও বিশেষজ্ঞ নিয়োগ, কেন্দ্রের সদস্যভুক্ত দেশসমূহের শ্রম শক্তির চাহিদা সম্পর্কে তথ্য সংগ্রহ এবং কেন্দ্রের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিস্তারিত আলোচনা ও দিক নির্দেশনা ঠিক করা হইয়াছে বলিয়াও তিনি জানান।

বোর্ডের তৃতীয় বৈঠক ১৯৮০ সালের আগষ্ট মাসে ঢাকায় অনুষ্ঠিত হইবে।